

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
(পার-৪ অধিশাখা)  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-৪৫.০০.০০০০.১৫০.১৫.০২৫.১৮-১৭

তারিখ: ০৭.০২.২০১৯ খ্রি:

**বিষয়: ২৫০ শয্যাবিশিষ্ট বরগুনা জেনারেল হাসপাতালে পদ সৃজনের বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:**

সভার তারিখ: ১৫.০১.২০১৯ খ্রি:

সময়: সকাল ১১.০০ টা

স্থান: কক্ষ নং-৩৩৮, ভবন নং-৩, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

সভাপতি: শেখ রফিকুল ইসলাম

অতিরিক্ত সচিব (প্রশাসন),

স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট-‘ক’ সংযুক্ত।

আলোচনা: সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমোদনক্রমে উপ-সচিব (পার-৪) অধিশাখা অদ্যকার সভার আলোচ্য বিষয়ে আলোকপাত করেন।

**১। ২৫০ শয্যাবিশিষ্ট বরগুনা জেনারেল হাসপাতালের জন্য পদ সৃজনঃ**

বরগুনা জেলা সদর হাসপাতালকে ১০০ শয্যা হতে ২৫০ শয্যায় উন্নীত করে জেনারেল হাসপাতালে রূপান্তর করা হয়েছে। জেনারেল হাসপাতালটি ইতোমধ্যে চালু করা হয়েছে। কিন্তু ১০০ শয্যার জনবল দ্বারা সেবা প্রদান করা হচ্ছে। ২৫০ শয্যার কার্যক্রম পূর্ণাঙ্গভাবে চালু করার জন্য ১০৪টি নতুন পদ সৃজনের জন্য প্রস্তাব করা হয়।

**আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:**

- স্ট্যান্ডার্ড সেট আপ অনুযায়ী পদ সৃজনের প্রস্তাব প্রেরণ করতে হবে।
- বাংলাদেশ স্বাস্থ্য বিভাগীয় নন-মেডিকেল কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৮ অনুসারে প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।
- ২৫০ শয্যাবিশিষ্ট বরগুনা জেনারেল হাসপাতালের প্রশাসনিক অনুমোদনের কপি প্রেরণ করতে হবে।
- স্বাস্থ্য সেবা বিভাগের পার-৪ অধিশাখা এ বিষয়ে ব্যবস্থা গ্রহণ করবে।

২। সভায় আর কোন অলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা/-  
(শেখ রফিকুল ইসলাম)  
সভাপতি

ও  
অতিরিক্ত সচিব (প্রশাসন)  
স্বাস্থ্য সেবা বিভাগ


স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

নং-৪৫.০০.০০০০.১৫০.১৫.০২৫.১৮ ~ ১৭

তারিখ: ০৭ .০২.২০১৯ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। যুগ্মসচিব (পার), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। তত্ত্বাবধায়ক, ১০০ শয্যা বিশিষ্ট জেলা সদর হাসপাতাল, বরগুনা।
- ৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (তাকে পদ সৃজন সংক্রান্ত সভার কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৫। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।



মাকসুদা ইয়াসমিন  
উপসচিব